আজকের কাগজ

তারিখ ... 06 DEC 1995
পৃষ্ঠা: ৯ কলাম ৪

## সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতন স্কেল প্রসঙ্গে

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ডিগ্রি পাস শিক্ষকগণ সরকারি বিজ্ঞপ্তি অনুযায়ী নির্ধারিত বেতন স্কেল পাচ্ছে না। সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী এইচএসসি পিটিআই পাস শিক্ষকদের স্কেলটি প্রশিক্ষণবিহীন ডিগ্রি পাস শিক্ষকদের বেলাও প্রযোজ্য। কিন্তু চাকরিতে যোগদানের পর থেকে ডিগ্রি পাস শিক্ষকদের নির্ধারিত স্কেলে বেতন না দিয়ে প্রশিক্ষণবিহীন স্কেলে বেতন দেয়া হচ্ছে। এ ক্ষেত্রে প্রশিক্ষণবিহীন ডিগ্রি পাস শিক্ষকদের অনেক আবেদন নিবেদনের পর বিগত ২৬-১১-৯৪ তারিখে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগে অনুষ্ঠিত সভায় সর্বসম্মতভাবে পিটিআইন পাস শিক্ষকদের স্কেলটি এ মর্মে গত ২৭-৫-৯৫ তারিখে অর্থ মন্ত্রণালয় স্মারক নং অথ/অধি (বাস্ত-২) ইউ, জি-৯-৮৯/৩০ বাস্তবায়নের জন্যে সচিব প্রাথমিক ও গণশিক্ষা এবং মহাপরিচালক প্রাথমিক শিক্ষা অধিদফতরে প্রেরণ করা হয়। ইতিমধ্যে এ সার্কুলারটি জেলা ও থানা হিসাব রক্ষণ অফিসে পৌছেছে। কিন্তু প্রাথমিক শিক্ষার অনুরূপ আদেশটি জেলা ও থানা শিক্ষা অফিসে না আসায় ডিগ্রি পাস শিক্ষকগণ তাদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত হচ্ছেন। এ ব্যাপারে ডিগ্রি পাস শিক্ষকগণ প্রাথমিক শিক্ষার মহাপরিচালকের নিকট আশু হস্তক্ষেপ কামনা করছেন।

আজহারুল ইসলাম
তালাকুট, বি-বাড়িয়া।